## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২্ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২্ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।


জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা আশ্বিন বুধবার ১৩৬৪ ইংরাজী 18th Sept. 1957 { ১৭শ সংখ্যা

২৭শে ভাদ্র ১৮৭৯ শকাব্দ






ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SEVENS

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

### মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

### হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয়। আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট

"আইওলিন"

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

হ্যানিম্যান হল

খাগড়া, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১লা আশ্বিন বুধবার সন ১৩৬৪ সাল।

## বিশ্বকর্ম্মা

—•—

শিল্পবিদ্যা ও স্থাপত্যের অধিষ্ঠাতার নাম বিশ্বকর্ম্মা। ইনি দেবশিল্পী ও দেব-স্থপতি নামে কথিত হইয়া থাকেন। শিল্প কর্ম্মে কোনও মানব যদি অত্যধিক কৃতিত্ব দেখাইতে পারেন, লোকে তাঁহাকে "ইনি যেন স্বয়ং বিশ্বকর্ম্মা" বলিয়া প্রশংসা করিয়া থাকেন।

পুরাণে কথিত আছে বিশ্বকর্ম্মা প্রভাস নামক বায়ুর ঔরসে ও তদীয় পত্নী যোগসিদ্ধার গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন। পুরাকালের যাবতীয় দেব মন্দির, দেবখাদ, দেব সরোবর সমস্ত অমানুষিক কারুকার্য্যসম্পন্ন দেবমূর্ত্তি সবই বিশ্বকর্ম্মার স্বহস্তে নির্ম্মিত বলিয়া বর্ণিত আছে। বিশ্বকর্ম্মা শুধু দেব-শিল্পী ছিলেন না, তিনি দেব-স্থপতিও ছিলেন। সেইজন্য আধুনিক ইঞ্জিনিয়ারিং স্কুল কলেজ সমূহে বিশ্বকর্ম্মার পূজার্চ্চনা হইয়া থাকে। যাবতীয় কল কারখানায় যেখানে কোন না কোন শিল্প কর্ম্ম সম্পন্ন হয় সেখানে মালিক অহিন্দু হইলেও কারিগর ও শ্রমিকগণ হিন্দু ধর্ম্মানুসারে শ্রীবিশ্বকর্ম্মা দেবের পূজা করে ভাদ্র মাসের সংক্রান্তির দিন তাঁহার পূজার দিন ধার্য্য আছে। এই ভাদ্র সংক্রান্তির দিন অরন্ধন ও শ্রীশ্রীমনসা দেবীর পূজারাধনা হইয়া থাকে।

মনসা দেবী ও বিশ্বকর্ম্মার বিরুদ্ধে একটি অনুযোগপূর্ণ নিন্দাযুক্ত অভিনয় অতি পূর্ব্বে মনসামঙ্গল নামক গ্রাম্য সঙ্গীতাভিনয়ে শোনা গিয়াছে। আজকাল যাত্রা, থিয়েটার ও সিনেমার দিনে আর কবিকঙ্কণের মশান ও মনসার ভাসান লুপ্ত প্রায় হইতে বসিয়াছে।

চম্পাই নগর নামক স্থানে একজন সুবিখ্যাত বণিক ছিলেন। তাঁর নাম ছিল চাঁদ সওদাগর। তিনি নাগ মাতা মনসা দেবীর অত্যন্ত বিদ্বেষ্টা ছিলেন। মনসা দেবীকে তিনি সর্ব্বদা অবজ্ঞা করিতেন। মা মনসার কোপে তাঁর ছয় পুত্র সর্পাঘাতে মৃত্যুমুখে পতিত হয়। তবুও তিনি মনসা পূজা করেন নাই। তাঁর লখিন্দর নামে কনিষ্ঠ পুত্রের কোষ্ঠিতে লেখা ছিল, যে তার বিবাহ বাসরে সর্পাঘাতেই মৃত্যুমুখে পতিত হইবে।

মনসা বিদ্বেষী চাঁদ সওদাগর তবুও মনসা দেবীর আরাধনা করিতে সম্মত হন নাই। সওদাগর দেশে দেশে ডঙ্কা দিয়া ঘোষণা করিলেন যে তাঁর পুত্র লখিন্দরের বিবাহ বাসর লৌহ দিয়া নির্ম্মিত হইবে। যে স্থপতি উক্ত বাসর এমন ভাবে প্রস্তুত করিতে পারিবে যেন তাহাতে সর্প প্রবেশ করিতে না পারে। তাঁহাকে তিনি লক্ষ স্বর্ণ মুদ্রা পারিশ্রমিক দিবেন। মনসা এই ঘোষণা শুনিয়া দেব-স্থপতি বিশ্বকর্ম্মাকে অনুরোধ করিলেন যে তোমাকে চাঁদ সওদাগরের এই বাসর নির্ম্মাণ কার্য্যের ভার লইতে হইবে। আমি দেবকন্যা দেবী, তুমিও দেবতা। যে ব্যক্তি আমার অপমান করে সে সমস্ত দেবলোকের শত্রু। তুমি চাঁদ সওদাগরের লোহার বাসর এমনভাবে তৈরী করিয়া দিবে, তাহাতে একটি সূতার মত ছিদ্র রাখিয়া দিবে। সেই ছিদ্র দিয়া কাল-নাগিনী প্রবেশ করিয়া লখিন্দরকে দংশন করিবে।

বিশ্বকর্ম্মা নাকি মনসা দেবীর এই অনুরোধে সূতার মত ছিদ্র লোহার বাসর ঘরে রাখিয়া দিয়া চাঁদ সওদাগরের সহিত বেইমানী করিয়া ধর্ম্মে পতিত হইয়াছিলেন। কেহ কেহ বলেন—লখিন্দরের সদ্য বিবাহিতা পত্নী সতী বেহুলা অভিসম্পাত দিয়াছিলেন—"যে স্থপতি এই প্রতিজ্ঞা ভঙ্গ করিয়াছে তাহার সমস্ত শিষ্য ও ভক্ত সব এই চুক্তি-ভঙ্গ পাপে স্বধর্ম্ম রক্ষা করিতে পারিবে না।" লোকে বলে—বিশ্বকর্ম্মার ভক্ত কর্ম্মকার, ইস্পাত চুরি করে, সিঁদ কাঠি গড়াইয়া চোরের সহায়তা করে। স্বর্ণকার মাত্রেই সাধু হইলেও সন্দেহভাজন হইয়া থাকে।

মনসার সঙ্গে এই একই অন্যায় কার্য্যে লিপ্ত হইয়াছিলেন বলিয়া উভয়েরই পূজা হয় ভাদ্রের সংক্রান্তি দিনে।

এই অভিসম্পাত সত্য হউক বা মিথ্যা হউক, কারিগর সমাজে অসততা যেন স্বভাব হইয়া দাঁড়াইয়াছে। অন্য লোকের কথা দূরে থাক, আমাদের ভারত সরকার কর্ত্তৃক পরিকল্পিত পরি-কল্পনাগুলির মধ্যে অসততা যেন সংক্রামক ব্যাধিতে পরিণত হইতে চলিয়াছে। কলিকাতার সান্নিধ্যে **সোনারপুর-আরাপাঁচ-মাতলা** বাঁধে যে সাড়ে তের লক্ষ টাকা খরচা হইয়াছে তাহা যেন মাতলার জলেই পড়িয়াছে। বাংলা দেশে বিশ্বকর্ম্মার সব চেয়ে শিক্ষিত সার্টিফিকেট ডিপ্লোমাপ্রাপ্ত মার্কামারা শিল্পী স্থাপত্য কর্ম্মে এক একটি বিশ্বকর্ম্মা ইঞ্জিনিয়ার সাহেবেরা। বাবা বিশ্বকর্ম্মার মত ইঁহাদের সূতোর মত ছিদ্র নয়, একটি লখিন্দরের সর্পাঘাত নয়, সুন্দর-বন এলাকার ৫১ বর্গ মাইল ক্ষেত্রে লোনা জল প্রবেশ করিয়া কত লক্ষ লক্ষ লখিন্দরকে পাইকারী দরে অনশন দংশনে তিল তিল করিয়া নিধন করিয়া "ছিদ্রেষনর্থা বহুলী ভবন্তি।" বাক্যের সার্থকতা সপ্রমাণ করিবার উপক্রম করিয়াছে।

দশ বৎসর বয়স্ক তরুণ সরকার বহু **বিশেষ অজ্ঞ** ব্যক্তিকে **বিশেষজ্ঞ** ভাবিয়া কত কাঁড়ি কাঁড়ি টাকা শেয়াল কুকুর দিয়া খাওয়াইয়া আজ ঋণের জন্য হীন দশাপ্রাপ্ত হইয়া অর্থ মন্ত্রীকে বিদেশে পাঠাইতে হইতেছে। বিশ্বকর্ম্মার নামে কত ভক্ত তার বিশ্ব-অকর্ম্মার অভিনয় করিতেছে। বিশ্বকর্ম্মার পরিকল্পনায় বিশ্বের দ্বারে দ্বারে আমাদের ঋণপ্রার্থী না করে।

---

## নূতন পোষ্টমাষ্টার জেনারেল

শ্রী পি, বি, লাহিড়ী গত ৩১শে আগষ্ট অপরাহ্নে শ্রী এম, সি দত্তের নিকট হইতে পশ্চিমবঙ্গ সার্কেলের পোষ্টমাষ্টার জেনারেল কার্য্যভার গ্রহণ করিয়াছেন। শ্রীদত্ত অবসর গ্রহণ করিয়াছেন।

---

## ভারতীয় সাহিত্যিক পরিচিতি

যে সকল ভারতীয় লেখক বর্ত্তমানে জীবিত আছেন বা ১৯৫৪ সনের ১২ মার্চ্চ পর্য্যন্ত জীবিত ছিলেন ভারতীয় সাহিত্য আকাদেমী তাঁহাদের পরিচয় সঙ্কলন ও প্রকাশের ভার গ্রহণ করিয়াছেন।

## শ্রীনিকুঞ্জবিহারী মাইতির স্বেচ্ছায় বেতন হ্রাস

পশ্চিম বঙ্গের ঘাটাল নির্বাচন কেন্দ্র হইতে লোকসভায় নির্বাচিত সদস্য শ্রীনিকুঞ্জবিহারী মাইতি গত জুলাই মাস হইতে দ্বিতীয় পরিকল্পনাকালের শেষ অবধি শতকরা ১০ টাকা কম হারে বেতন সিদ্ধান্ত করিয়াছেন। তাঁহার পূর্বে লোকসভার আরও ১৩ জন সদস্য অনুরূপ সিদ্ধান্তে উপনীত হইয়াছেন।

## ভেজাল দুগ্ধ বিক্রয়ে দণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর খাদ্য পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে ভেজাল দুগ্ধ বিক্রয়ের অপরাধে জঙ্গিপুর ফৌজদারী কোর্টে গিরিয়া নিবাসী শ্রীমহাদেব ঘোষের ৮৲ টাকা অর্থ দণ্ড হইয়াছে।

## —বিজ্ঞপ্তি—

জনসাধারণের সুবিধার্থে বর্ত্তমান সেটেলমেণ্ট রেকর্ড সংক্রান্ত যাবতীয় কাগজ পত্রের নকল আদি সরবরাহ করিবার জন্য নিম্নলিখিত কেন্দ্রগুলি খোলা হইয়াছে। এই উদ্দেশ্যে যাবতীয় দরখাস্ত ইং ২১।৯।৫৭ তারিখ হইতে ঐ স্থানেই গৃহীত হইবে।

| | |
|---|---|
| বরঞা, ভরতপুর, কান্দি ও খড়গ্রাম থানা সমূহের জন্য। | সেটেলমেণ্ট সার্কেল (জি) ক্যাম্প কান্দি। |
| বেলডাঙ্গা, নওদা থানা সমূহের জন্য। | সেটেলমেণ্ট সার্কেল ক্যাম্প বেলডাঙ্গা। |
| ফরাক্কা, সমসেরগঞ্জ, সুতী ও রঘুনাথগঞ্জ থানা সমূহের জন্য। | সেটেলমেণ্ট সার্কেল ক্যাম্প রঘুনাথগঞ্জ। |
| ভগবানগোলা, লালগোলা, সাগরদীঘি, জিয়াগঞ্জ, মুর্শিদাবাদ ও নবগ্রাম থানা সমূহের জন্য। | সেটেলমেণ্ট ফাইন্যাল পাবলিকেশন ক্যাম্প লালবাগ। |

বহরমপুর
তারিখ ১৪।৯।৫৭

স্বাঃ শচীন্দ্রমোহন গুহ
সেটেলমেণ্ট অফিসার।
বীরভূম — মুর্শিদাবাদ।


# মৈঁ সোবিয়েৎ হুঁ

মৈঁ সোবিয়েৎ হুঁ



সব্‌সে সেরা রাকেট বানায়া
দেতা বঢ়িয়া কাম।
ঘরমে বৈঠ্‌কে দূর দূর কা
দুস্‌মন্‌ মারুঙ্গা হাম
মার্কিন আংরেজ ফরাসী ঔর
ভর দুনিয়া বালা—
কোই না সাকে সব কোই কো
মার দেউঙ্গা একালা।

হাথ জোড়কে কহে বেচারা
মাফি মাঙ্গে হাম্‌।
আখবার মে সব নিকাল গিয়া
আপিকা খোস নাম।
মেরা উপ্‌পর গোসা মৎ করো
দেতা হাজার সালাম।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-18



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন"  টেলিফোন : বড়বাজার ৪১৮

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত